**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল প্রাণী আশ্রয়কেন্দ্রের উন্নয়নের জন্য 7.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন

***প্রাণীদের যত্ন ও স্বাস্থ্য উন্নত করে এমন নিউ ইয়র্কের প্রাণী আশ্রয়কেন্দ্রসমূহে নির্মাণ, সংস্কার, এবং সম্প্রসারণ প্রকল্পসমূহকে তহবিলটি সমর্থন করবে***

***2017 সাল থেকে স্টেটের সহচর প্রাণী মূলধন তহবিলে 33 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের সহচর প্রাণী মূলধন তহবিলের (New York State Companion Animal Capital Fund) পঞ্চম রাউন্ডের মাধ্যমে স্টেটজুড়ে 21টি প্রাণী আশ্রয়কেন্দ্র এবং হিউম্যান সোসাইটিকে (humane societies, H.S.) প্রায় 7.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। প্রাণীদের যত্ন ও স্বাস্থ্য উন্নত করে এমন নির্মাণ, সংস্কার, এবং সম্প্রসারণ প্রকল্পসমূহকে তহবিলটি সমর্থন করবে এবং নিউ ইয়র্কের কুকুর ও বিড়ালদের দত্তক নিশ্চিত করতে সাহায্য করবে। প্রাণী আশ্রয়কেন্দ্রে মূলধন প্রকল্পের অর্থায়ন করা দেশের প্রথম স্টেট হিসেবে, নিউ ইয়র্ক স্টেট দত্তকের জন্য আশ্রয়কেন্দ্রে অপেক্ষারত কুকুর ও বিড়ালদের জন্য নিরাপদ আবাসন ও যত্ন নিশ্চিত করতে এর প্রতিশ্রুতি প্রদর্শন অব্যাহত রেখেছে।

"নিউ ইয়র্কজুড়ে প্রাণী আশ্রয়কেন্দ্র এবং হিউম্যান সোসাইটি নতুন পরিবার ও চিরদিনের বাসার অপেক্ষায় থাকা কুকুর বিড়ালদের অত্যাবশ্যকীয় যত্ন প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের সহচর প্রাণী মূলধন তহবিলটি আমাদের আশ্রয়কেন্দ্র ও হিউম্যান সোসাইটিগুলির জন্য এবং তাদের কাছে থাকা প্রাণীদের জন্য সত্যিকারের পার্থক্য তৈরি করে দিচ্ছে, প্রাণীদের যত্ন আরো ভালোভাবে করার জন্য অতি গুরুত্বপূর্ণ উন্নয়ন এবং সেবাদানকারী কর্মী ও স্বেচ্ছাসেবকদের আরো বেশি সমর্থন প্রদান করতে তাদের সাহায্য করছে।"

2017 সালে কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) পরিচালিত সহচর প্রাণী মূলধন তহবিল শুরু হওয়ার পর থেকে স্টেট কর্মসূচিটিতে 33 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, যার মধ্যে এই বছরের বাজেটের প্রতিশ্রুত তহবিল রয়েছে। নিউ ইয়র্ক স্টেটের প্রাণী আশ্রয়কেন্দ্রসমূহের পরিচালিত মূলধন প্রকল্পসমূহ, যেমন কুকুরের ঘরের সংস্কার, মেডিকেল

সুযোগসুবিধা উন্নত করা, বা সার্বিক পরিচালনা ব্যয় হ্রাস করার জন্য আরো কার্যকর আশ্রয়কেন্দ্র গঠন করার সাথে সংশ্লিষ্ট ব্যয়পূরণের জন্য পূর্বের উদ্যোগসমূহের উপর ভিত্তি করে পঞ্চম রাউন্ডের প্রদত্ত অর্থ দেওয়া হয়েছে। এই বছর অর্থায়িত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে আরো বিড়ালের জন্য নতুন থাকার স্থান, নতুন মেডিকেল ফ্যাসিলিটি, এবং উন্নত আউটডোর স্থান, এবং অতিরিক্ত কুকুরের ঘর যোগ করার জন্য আশ্রয়কেন্দ্রের সংস্কার।

প্রয়োজন যাচাই করে, প্রকল্পের বিস্তারিত বর্ণনা, এবং ব্যয়ের যুক্তিসঙ্গতার উপর ভিত্তি করে প্রতিযোগিতামূলক অনুদান প্রদান করা হয়েছে। কর্মসূচির এই রাউন্ডে নিম্নলিখিত আশ্রয়কেন্দ্রগুলি অর্থ পাচ্ছে:

## ক্যাপিটাল রিজিয়ন

- *অ্যালবানি কাউন্টির শেরিফের অফিস* (অ্যালবানি, অ্যালবানি কাউন্টি): মোহক হাডসন হিউম্যান সোসাইটির সাথে অংশীদারিত্বে একটি সহায়ক প্রাণী আশ্রয়কেন্দ্র তৈরির জন্য 500,000 মার্কিন ডলার।
- *স্কেনেকট্যাডি সিটি* (স্কেনেকট্যাডি, স্কেনেকট্যাডি কাউন্টি): উন্নত অপেক্ষাকৃত বড় কুকুরের ঘরের জন্য 200,000 মার্কিন ডলার।

## নিউ ইয়র্ক সিটি

- *NYC অ্যানিমেল কেয়ার এবং কন্ট্রোল* (ম্যানহাটন, নিউ ইয়র্ক কাউন্টি): তাদের নতুন আশ্রয়কেন্দ্রের ব্যবস্থায় উন্নত সরঞ্জাম যোগ করা, নতুন কুকুরের ঘরের ছাদ স্থাপন করা, একটি নতুন ওয়াশার ও ড্রায়ার, এবং একটি বয়িষ্ণু পানির হিটার প্রতিস্থাপনের জন্য 143,175 মার্কিন ডলার।
- *ব্রুকলিন ব্রিজ অ্যানিমেল ওয়েলফেয়ার কোয়ালিশন* (ব্রুকলিন হাইটস, কিংস কাউন্টি): আশ্রয়কেন্দ্রের সম্প্রসারণ, স্বাস্থ্য ও সংগতির জন্য নিবেদিত বিড়ালের ওয়ার্ডের নকশা কর , জানালা স্থাপন, এবং একটি পূর্ণকালীন সেবার মেডিকেল স্যুইট তৈরির জন্য 164,719.67 মার্কিন ডলার।

## মোহক ভ্যালি

- *স্কোহারি ভ্যালির অ্যানিমেল শেল্টার* (হাওয়েস কেভ, স্কোহারি কাউন্টি): একটি মেডিকেল স্যুইট সংস্কার এবং ছাদের সংস্কারের জন্য 500,000 মার্কিন ডলার।

## সাউদার্ন টিয়ার

- *ব্রুম কাউন্টি হিউম্যান সোসাইটি* (বিংহ্যামটন, ব্রুম কাউন্টি): বিড়াল রাখার স্থান এবং কুকুরের ঘরের নকশার উন্নতি, এবং একটি জেনারেটর ও গ্রুমিং বেসিন ক্রয়ের জন্য 110,879 মার্কিন ডলার।

**ফিঙ্গার লেকস**

- *CNY ফিঙ্গার লেকস SPCA* (অবার্ন, ক্যাইয়ুগা কাউন্টি): HVAC ব্যবস্থাসহ একটি নতুন ফ্যাসিলিটির নকশার জন্য 482,491.50 মার্কিন ডলার।
- *রচেস্টার H.S. (লেলিপপ)* (ফেয়ারপোর্ট, মনরো কাউন্টি): কুকুরের ঘরের জন্য নতুন করে নকশা করা, প্রাণী ধারণক্ষমতা বৃদ্ধি করা, এবং বিচ্ছিন্ন ওয়ার্ড সম্প্রসারিত করার জন্য 500,000 মার্কিন ডলার।
- *ওয়েইন কো. হিউম্যান সোসাইটি* (লায়ন্স, ওয়েইন কাউন্টি): নতুন HVACসহ একটি নতুন এবং উন্নত আশ্রয়কেন্দ্র ফ্যাসিলিটির জন্য 500,000 মার্কিন ডলার।
- *ওয়াইওমিং কো.* (ওয়ারশ, ওয়াইওমিং কাউন্টি): ফ্যাসিলিটির নকশা উন্নত করা, মেকানিক্যাল সরঞ্জাম হালনাগাদ করা, এবং আউটডোর এলাকার সমৃদ্ধি করার জন্য 318,318 মার্কিন ডলার।
- *ওয়াইওমিং কো. SPCA* (অ্যাটিকা, ওয়াইওমিং  কাউন্টি): ছাদ প্রতিস্থাপন, ড্রাইভওয়ে এবং পার্কিং স্থান মেরামত, বিড়ালের খাঁচা ক্রয় এবং রেকর্ড রাখার প্রযুক্তি হালনাগাদ করার জন্য 62,825.89 মার্কিন ডলার।

**হাডসন ভ্যালি**

- *হাডসন ভ্যালি SPCA* (পোমোনা, রকল্যান্ড কাউন্টি): কুকুরের ঘর উন্নত করা, বিড়ালের ঘের প্রতিস্থাপন করা, এবং প্রাণী ধারণক্ষমতা বৃদ্ধির জন্য 200,000 মার্কিন ডলার।
- *হাডসন ভ্যালি অ্যানিমেল রেসকিউ এবং স্যাংচুয়ারি* (পকিপ্সি ডাচেস কাউন্টি): কোয়ারেন্টাইন এলাকাসহ প্রাণী ধারণক্ষমতা বৃদ্ধির জন্য 398,495 মার্কিন ডলার।

**নর্থ কান্ট্রি**

- *জেফারসন কো. SPCA* (ওয়াটারটাউন, জেফারসন কাউন্টি): আশ্রয়কেন্দ্রের আকার সম্প্রসারিত করা এবং নতুন HVAC ব্যবস্থা গ্রহণের জন্য 200,000 মার্কিন ডলার।
- *পটসড্যাম হিউমেন সোসাইটি* (পটসড্যাম, সেইন্ট লরেন্স কাউন্টি): লন্ড্রি কক্ষ, খাঁচা, হিটিংয়ের উন্নয়ন এবং মেঝের সংস্কারসহ আবাসন এবং পরিবেশের উন্নয়নের জন্য 100,067 মার্কিন ডলার।
- *লুইস কো. হিউমেন সোসাইটি* (লোভিল, লুইস কাউন্টি): নতুন HVAC ব্যবস্থা, নতুন কাপড় ধোওয়ার সরঞ্জাম, বিড়ালকে আলাদা রাখার কক্ষ তৈরি, এবং আশ্রয়কেন্দ্রের ক্ষতিগ্রস্ত কাঠামোর মেরামত ও উন্নয়নের জন্য 500,000 মার্কিন ডলার।

**লং আইল্যান্ড**

- *ওয়েস্টার বে টাউন* (ওয়েস্টার বে, নাসাউ কাউন্টি)- আশ্রয়কেন্দ্রের সংস্কার এবং নতুন HVAC ব্যবস্থার জন্য 200,000 মার্কিন ডলার।
- *নর্থ হেম্পস্টিড টাউন* (ম্যানহাসেট, নাসাউ কাউন্টি) - নতুন HVAC ব্যবস্থার জন্য 200,000 মার্কিন ডলার।

- *আডা হাওয়ে কেন্ট মেমোরিয়াল শেল্টার* (ক্যালভার্টন, সাফোক কাউন্টি): কুকুর ও বিড়ালের নতুন ঘর, বিচ্ছিন্ন রাখার স্থানসহ নতুন আশ্রয়কেন্দ্রের ফ্যাসিলিটির জন্য 200,000 মার্কিন ডলার।
- *পাইওনিয়ার্স ফর অ্যানিমেল ওয়েলফেয়ার সোসাইটি* (হিকসভিল, নাসাউ কাউন্টি): নতুন ফ্যাসিলিটির ডাউন পেমেন্টের জন্য 200,000 মার্কিন ডলার।

**ওয়েস্টার্ন নিউ ইয়র্ক**

- *ইরি কাউন্টি SPCA* (ওয়েস্ট সেনেকা, ইরি কাউন্টি): কুকুরের ঘর এবং আউটডোর দৌড়াদৌড়ির স্থান উন্নত করা, বিড়ালের নিরাময় ও নার্সারি এলাকার সংস্কার, নতুন HVAC ব্যবস্থা ও নিরাপত্তা ব্যবস্থার জন্য 200,000 মার্কিন ডলার।

**নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড বল বলেন,** "প্রাণী আশ্রয়কেন্দ্রগুলি আশ্রয়ের থেকে অনেক বেশি কিছু প্রদান করে; অত্যাবশ্যকীয় চিকিৎসাসেবা থেকে শুরু করে দৈনিক সমৃদ্ধির কার্যকলাপ পর্যন্ত, স্টেটব্যাপী পরিশ্রমী হিউম্যান সোসাইটি, আশ্রয়কেন্দ্র, এবং SPCA এর পরিশ্রমী কর্মীগণ চিরদিনের বাড়ির অপেক্ষায় থাকা কুকুর ও বিড়ালদের সেরা যত্ন প্রদান করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গত বেশ কয়েক বছর ধরে, আমরা দেখেছি যে সহচর প্রাণী মূলধন তহবিলের অর্থ অতি গুরুত্বপূর্ণ উন্নয়নকাজ ও প্রকল্পে ব্যবহৃত হয়েছে যার ফলে নিউ ইয়র্কের প্রাণীরা আরো ভালো যত্ন পেয়েছে। সর্বশেষ এই রাউন্ডটি ঘোষণা করতে পেরে আমরা গর্বিত, এখন পর্যন্ত যেই সাফল্য দেখেছি এটি তা আরো অগ্রসর করবে।"

**নিউ ইয়র্ক প্রাণী সুরক্ষা ফেডারেশনের (New York Animal Protection Federation) নির্বাহী পরিচালক লিবি পোস্ট বলেন,** "এই তহবিলকে বাস্তব করার জন্য গভর্নর এবং আইনসভার প্রতি NYS প্রাণী সুরক্ষা ফেডারেশনের সদস্যরা অত্যন্ত কৃতজ্ঞ। আমরা স্টেটব্যাপী আশ্রয়কেন্দ্রগুলিতে এই তহবিলের প্রত্যক্ষ ফলাফল দেখতে পেরেছি। নতুন ভবন, নতুন বাতাস নিয়ন্ত্রণ ব্যবস্থা, নতুন কুকুরের ঘর এবং বিড়ালের কন্ডো, নতুন অবকাঠামো যা গৃহহীন সহচর প্রাণীকে দত্তকের জন্য প্রস্তুত রাখতে তাদের স্বাস্থ্যবান রাখে। আইন শৃঙ্খলা রক্ষাকারীরা প্রাণী অপরাধে বর্ধিত মনোযোগ প্রদান করছে, সেই কারণে এবং সেই সাথে কোভিড, উচ্ছেদ এবং অর্থনীতির প্রভাবে অনেক বেশি প্রাণী আমাদের আশ্রয়কেন্দ্রে আসছে। এটি অনেক আশ্রয়কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করেছে কিন্তু এই মূলধন তহবিলের সাহায্যে অনেকেই চলমান এইসব সমস্যা সমাধানে উন্নয়নকাজ ও সম্প্রসারণ করতে পারবে।"

**স্টেটের সিনেটর মিশেল হিঞ্চি বলেন,** "আমাদের স্থানীয় প্রাণী আশ্রয়কেন্দ্রগুলি তাদের যত্নের অধীনে থাকা প্রাণীদের নিরাপদ আশ্রয় প্রদান করতে সামর্থ্যের বাইরে গিয়ে কাজ করে, এবং তারপরেও আমাদের স্টেটজুড়ে অনেকেরই তাদের ফ্যাসিলিটি সম্প্রসারণ ও উন্নত করার জন্য মূলধন তহবিলের প্রয়োজন রয়েছে  প্রাণী আশ্রয়কেন্দ্রগুলিকে সেইসব অতি প্রয়োজনীয় উন্নয়নকাজ করতে সাহায্য করার জন্য সহচর প্রাণী মূলধন তহবিলটি অপরিহার্য, এবং স্টেট বাজেটে এর পক্ষে কথা বলতে পেরে আমি গর্বিত। নিউ ইয়র্ক স্টেটজুড়ে আশ্রয়কেন্দ্রগুলি যাতে দত্তকের অপেক্ষায় থাকা প্রাণীদের সুখী ও স্বাস্থ্যবান রাখার কাজ অব্যাহত রাখতে পারে তার

জন্য অনুদান তহবিলের সর্বশেষ রাউন্ডটি উপলভ্য করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

**অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন,** "সহচর প্রাণী মূলধন তহবিল আমাদের আশ্রয়কেন্দ্রের প্রাণী ও তাদের দেখাশোনা করা মানুষদের জীবন সহজতর করে। এই বছর অর্থায়িত প্রকল্পসমূহ চিরদিনের বাড়ির অপেক্ষায় থাকা প্রাণীদের স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করার ফ্যাসিলিটিসমূহকে উন্নত ও সম্প্রসারিত করবে। ব্রুম কাউন্টিতে আমার নিজের স্থানীয় আশ্রয়কেন্দ্রটিকে সহচর প্রাণীদের একটি স্বাস্থ্যকর স্থান প্রদান করা এবং ভবিষ্যতের দত্তক গ্রহণকারীদের জন্য একটি স্বাগত পরিবেশ তৈরি করার তাদের কাজ সম্প্রসারিত করার জন্য তহবিল পেতে দেখে আমি অতি আনন্দিত।"

নিউ ইয়র্ক স্টেটের প্রাণী সুরক্ষা ফেডারেশন অনুযায়ী, বার্ষিক 150,000 এর বেশি প্রাণীকে অলাভজনক সংগঠন এবং মিউনিসিপ্যালিটি পরিচালিত আশ্রয়কেন্দ্র ও হিউম্যান সোসাইটিতে আনা হয়। নিউ ইয়র্ক স্টেটের সহচর প্রাণী মূলধন তহবিল এই সংগঠনগুলিকে স্থানীয় সম্প্রদায়সমূহের জন্য আশ্রয় সেবা প্রদান অব্যাহত রাখা, প্রাণীদের আরো ভালো যত্নের প্রসার, এবং আরো দত্তকের ব্যবস্থা করতে সাহায্য করবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418